Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বাৰ্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে কার্ত্তিক বুধবার ১৩৬৫ ইংরাজী 12th Nov. 1958 { ২৬শ সংখ্যা

২১শে কার্ত্তিক ১৮৮০ শকাব্দ



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৬শে কার্ত্তিক বুধবার সন ১৩৬৫ সাল।

## ভ্রাতৃ দ্বিতীয়া

—০—

কথিত আছে যে, এই দিবসে যমুনা সহোদর যমরাজকে স্বগৃহে আনয়নপূর্ব্বক অর্চ্চনা করিয়া তাঁহাকে ভোজন করাইয়াছিলেন। এইজন্য ইহা যম দ্বিতীয়া নামেও অভিহিত। এই দিবসে ভ্রাতা, ভগিনী কর্ত্তৃক পূজিত হইয়া তদ্দত্ত অন্নাদি গ্রহণ করেন। ভগিনী ভ্রাতাকে নববস্ত্রাদি পরিধান করাইয়া তাঁহার কপালে ঘৃত বা চন্দনের ফোঁটা দিয়া থাকেন। ফোঁটা দিবার মন্ত্র,—

"ভাইয়ের কপালে দিলাম ফোঁটা,
যমের দুয়ারে পড়লো কাঁটা।
যমুনা দেয় যমকে ফোঁটা,
আমি দেই ভাইকে ফোঁটা।"

অতঃপর ভগিনী ভ্রাতার হস্তে মিষ্টান্নাদি প্রদান করিয়া জ্যেষ্ঠ কনিষ্ঠাদিক্রমে প্রণাম বা আশীর্ব্বাদ করেন। পরে অন্নাহারকালে ভগিনী নিম্নোক্ত মন্ত্র বলিয়া ভ্রাতাকে গণ্ডুষ করাইয়া থাকেন,—

"ভ্রাতস্তবানুজাতাহং ভূঙ্ক্ষ ভক্তমিদং শুভম্।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥"

ভগিনী জ্যেষ্ঠা হইলে "স্তবানুজাতাহং" স্থলে "স্তবাগ্রজাতাহং" বলিতে হয়। এই দিবসে ভ্রাতাও ভগিনীকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা পূজা করিবে ইহাই শাস্ত্রবিধি। সহোদরা ভগিনী না থাকিলে অন্যান্য সম্পর্কীয়া ভগিনীগণ কর্ত্তৃক পূজিত হইবার বিধি আছে। প্রথমতঃ খুড়তুত জ্যেঠতুত ভগিনীর, দ্বিতীয়তঃ মামাত ভগিনীর, তৃতীয়তঃ মাসতুত পিসতুত ভগিনীর নিকট হইতে পুষ্টিকর আহার্য্য গ্রহণ করিতে হয়। যেরূপ সম্পর্কীয়া ভগিনী হউন, সকলেরই হস্ত হইতে আহার্য্য গ্রহণ করা বিধেয়। ইহাকে চলিত কথায় "ভাই দ্বিতীয়া" বা "ভাইফোঁটা" বলিয়া থাকে।

হিন্দু-ভগ্নিগণ জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সহোদরগণের আয়ুবৃদ্ধি কামনায় কার্ত্তিক মাসের শুক্লাদ্বিতীয়ার দিন এই ব্রত পালন করিয়া থাকেন। কোন্ পুরাকাল হইতে বাঙালী হিন্দু রমণীগণ ভ্রাতার শুভার্থে এই ব্রত পালন করিয়া আসিতেছেন। এতদিন অর্থাৎ মুসলমান রাজত্ব, ইংরাজ রাজত্বেও এই ব্রত বা পর্ব্ব কখনও কোন বাধা প্রাপ্ত হয় নাই। স্বাধীনতা আমদানী হওয়ার পর ভগিনীরা ভ্রাতাদের সহিত পিতৃ ধনসম্পত্তির সমানাধিকারিণী হইল বলিয়া সিকিউলার ভারত রাজ্যে যে আইন হইল, তাহাতে সম্পত্তিবান পিতার কন্যাদের মধ্যে কোন কোন স্থলে ভগিনীর শ্বশুর বাড়ীর স্বজনগণ এই উত্তরাধিকারের সুবিধা লইবার লোভ করিয়া ভগিনীর ভ্রাতৃ-স্নেহে বিঘ্ন উপস্থিত করার জন্য মামলার পাঁয়তাড়া আরম্ভ করিয়াছেন বলিয়া শোনা যাইতেছে। জানি না কতদিন এই ভ্রাতৃ-কল্যাণ ব্রত মেয়েরা পালন কারতে পারিবেন।

বহুদিন হইতে দেশে দাম্পত্যকলহ যেন কলহই নয় বলিয়া উহা কেহ ধর্ত্তব্যের মধ্যেই আনিতেন না। সংস্কৃত পণ্ডিতগণ বলিতেন—

অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে।
দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া॥

অর্থাৎ ছাগলের যুদ্ধে, ঋষিশ্রাদ্ধে, প্রাতঃকালে মেঘের আড়ম্বরে এবং পতি-পত্নীর কলহের আরম্ভ-কালে যথেষ্ট আড়ম্বর থাকিলেও অল্পেই শেষ হয়।

এই দাম্পত্য কলহজনিত মামলা বাংলাদেশে এক আলিপুর আদালতেই তিন হাজার নম্বর বিচারাধীন আছে ভগিনীর ভ্রাতার সঙ্গে বিষয় বিষ সম্পর্কীয় ব্যাপার এবং তাঁহাদের পিতার কন্যাদায়ে যাঁহারা হৃদয়ে করুণার দ্বার খুলিয়া দিয়া আত্মীয়তা দেখাইয়াছেন তাঁহারা মধ্যস্থলে আছেন। এই ব্রত বোধ হয় অচিরে বিব্রত হয়।

---

## বন্দুকের গুলীতে আহত

জঙ্গিপুর মহকুমার সুতী থানার ১নং কাশিমনগর ইউনিয়নের বাউরীপুনী গ্রামে গত ৩রা নভেম্বর সন্ধ্যা রাত্রে ইউনিয়ন বোর্ড নির্ব্বাচনে বিজয়ী ও ও বিজিত পক্ষভুক্ত দুই দলের মধ্যে এক সংঘর্ষ হইয়াছে। এই সম্পর্কে এক প্রতিপত্তিশালী ব্যক্তি নাকি গুলী ছাড়িবার আদেশ দেন। বন্দুকের গুলীতে কয়েক ব্যক্তি আহত হয়। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## শ্যামা পূজা

জঙ্গিপুর মহকুমার পল্লীগ্রামে ও রঘুনাথগঞ্জ জঙ্গিপুরে অনেক স্থানে শ্রীশ্রীশ্যামা মাতার পূজার্চ্চনা হইয়াছে। প্রত্যেক স্থানেই নির্ব্বিঘ্নে পূজাকার্য্য সমাধা হইয়াছে বলিয়া খবর পাওয়া গিয়াছে।

---

## বাজি পোড়ার জন্য ধৃত

সংবাদে প্রকাশ, গত ২৪শে কার্ত্তিক সোমবার কলিকাতা ও হাওড়ায় বহু ব্যক্তি গ্রেপ্তার হইয়াছে। তন্মধ্যে বে-আইনীভাবে নিষিদ্ধ বাজি পোড়াইবার জন্য ১৬৭ জন, মত্ততা ও উচ্ছৃঙ্খল আচরণের অভিযোগে ১৩২ জন এবং জুয়াখেলার জন্য ১০৮ জন ধৃত হইয়াছে।

---

## নিত্য ব্যবহার্য্য দ্রব্য দুষ্প্রাপ্য

মুনাফা বিরোধী অর্ডিন্যান্স জারী হওয়ার সঙ্গে সঙ্গেই গৃহস্থগণের নিত্য ব্যবহার্য্য দ্রব্য স্থানীয় দোকান সমূহে পাওয়া যাইতেছে না। ইহাতে জনগণ বিশেষ মুস্কিলে পড়িয়াছে। এই সব প্রয়োজনীয় জিনিষ সহজ লভ্য হইবে কবে?

---

## পেটের দায়ে সন্তান বিক্রয়

বিভিন্ন সংবাদ পত্রে প্রকাশ—মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমার নবগ্রাম থানার অন্তর্গত মকরপুর গ্রামের ফকির কোনাই নামক একব্যক্তি তাহার আড়াই বৎসর বয়স্ক পুত্রকে ১০০৲ টাকায় বিক্রয় করিয়াছে। ক্রেতার বাড়ী রাজখণ্ড গ্রামে সে জাতিতে কোনাই এবং নিঃসন্তান।

---

## শক্তিপুর হেল্থ সেন্টারের ডাক্তার বাবু

সহযোগী "মুর্শিদাবাদ সমাচার" এ প্রকাশ—বিগত ৭ঠা নভেম্বর ভরতপুর থানার বৈদ্যপুর গ্রামের মুরারি রাজবংশীর পূর্ণ গর্ভা ভগ্নীকে তাহার আত্মীয়-স্বজন গোগাড়ী যোগে শক্তিপুর হেল্থ সেণ্টারে লইয়া যায়। পথে মহিলাটীর প্রসব যন্ত্রণা বৃদ্ধি পায় এবং সর্ব্বপ্রথম সন্তানটীর মাথার খুলি বাহির হয়। গাড়ীখানি হাসপাতালে পৌছালে সকলে ডাক্তার বাবু ও নার্শদের সাহায্য প্রার্থনা করে। ডাক্তার বাবু ও নার্শ কেহই উহাতে কর্ণপাত করেন নাই। রোগীর আত্মীয়স্বজন বাজারসহর ডাঃ রবীন্দ্রনাথ পোদ্দারের শরণাপন্ন হইলে তিনি যথাসাধ্য রোগিণীর পরিচর্য্যা করেন। শিশুটী মারা গিয়াছে। প্রসূতি সুস্থ আছে। শক্তিপুরের ডাক্তার বাবু ও নার্শদের সরকার কি জন্য পুষিতেছেন এর কৈফিয়ত কে দিবে?

## চাউল রপ্তানী

মির্জাপুর ও জঙ্গিপুর রোডে কয়েক বৎসর হইতে অনেকগুলি চাউলের আড়ত খুলিয়াছে। এই সব আড়তের চাউল রাণাঘাট, খাগড়া প্রভৃতি স্থান হইতে গ্রাহক আসিয়া খরিদ করিয়া লইয়া যাইতেছে। সেজন্য চাউলের দর কিছু বৃদ্ধি হইয়াছে।

## পঙ্কজকুমার শীল্ড ও হিরণ্ময়ী কাপের ফাইনাল খেলা

রঘুনাথগঞ্জ বন্ধু সমিতি ও রঘুনাথগঞ্জ হাই স্কুল দলের মধ্যে পঙ্কজকুমার শীল্ড ও হিরণ্ময়ী কাপের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। বন্ধু সমিতি এক গোলে জয়লাভ করে। জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে মহাশয় বিজেতা ও বিজিত দলকে শীল্ড, কাপ প্রদান করেন। বন্ধু সমিতি শীল্ড ও কাপ লইয়া মাইক ও ব্যাণ্ডবাদ্যসহ সহর প্রদক্ষিণ করে।

## কাঞ্চনতলা হরিসভার উৎসব

কাঞ্চনতলা হরিসভার বার্ষিক উৎসব অনুষ্ঠিত হইয়াছে। নামজাদা কীর্ত্তন গায়কগণের কীর্ত্তন গান হইয়াছিল। সমাগত ভক্তজনগণকে পরিতৃপ্ত সহকারে ভোজন করান হইয়াছিল। উক্ত অনুষ্ঠানে বহু লোকের সমাগম হইয়াছিল।

## জঙ্গিপুরে স্বাস্থ্য-মন্ত্রী

গত ৮ই নভেম্বর শনিবার পশ্চিম বঙ্গ সরকারের স্বাস্থ্য-মন্ত্রী শ্রীঅনাথবন্ধু রায় মহাশয় জঙ্গিপুর আগমন করিয়াছিলেন। তিনি জঙ্গিপুর হাসপাতাল পরিদর্শন করিয়া ডাকবাংলায় যান, সেখানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণের সঙ্গে আলাপ আলোচনা করেন। ঐ দিন সন্ধ্যায় তিনি প্রত্যাগমন করেন।

## ভেজাল তৈলে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে রঘুনাথগঞ্জ ফাঁসিতলার দোকানদার শ্রীরতিকান্ত পাল মহাশয় ভেজাল সরিষার তৈল বিক্রয়ের অপরাধে অভিযুক্ত হন। জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় তাঁহাকে ১৫৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

## সঙ্ঘর্ষের ফলে দুই জনের মৃত্যু

সাগরদীঘি থানার গাঙ্গাড্ডা গ্রামে জমির ধান কাটিয়া দখল লওয়ার ব্যাপারে দুই দলে সঙ্ঘর্ষ বাধে। উভয় পক্ষের দুই জন ঘটনাস্থলে মারা গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## গোয়ালাদের অত্যাচার

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সোনাটিকরী ও মঙ্গলজোনের মাঠে গোয়ালাগণ পতিত জমিতে গরু মহিষ চড়াইবার অছিলা করিয়া নিকটস্থ জমির ধান গাছ কাটিয়া গরু মহিষকে খাওয়াইতেছে। মাঠের যোগানদার বাধা দিলে তাহাকে মারধর করিতেছে। সোনাটিকরী মাঠের একজন যোগানদার বাধা দিতে গিয়া আহত হইয়াছে। একে ত জমিতে ফসল নাই, তার উপর এরূপ উৎপাত করিলে এই সব আবাদী জমিও লোকে পতিত রাখিতে বাধ্য হইবে। সরকারের "অধিক শস্য ফলাও নীতি" অচিরে ব্যাহত হইবে। সে বিষয়ে সন্দেহ নাই।

## ছেলেটী কাহার?

সাগরদীঘি থানার ৭নং মনিগ্রাম ইউনিয়ন হেল্থ সেণ্টারের ডাক্তার শ্রীফণিভূষণ বন্দ্যোপাধ্যায় মহাশয় জানাইয়াছেন—বিগত ২৩শে আশ্বিন মনিগ্রামে ৫।৬ বৎসর বয়সের একটী অজ্ঞাত কুলশীল বালক আসিয়াছে। বালকটী অদ্যাবধি এই গ্রামের শ্রীঅশ্বিনীকুমার মালের বাড়ীতে আছে। সে তাহার নাম তারক, বাবার নাম চুয়ানন্দন বলে। গ্রামের নাম বলিতে পারে না। মাথায় বড় বড় চুল ছিল, ঘা হওয়ায় চুল কেটে ফেলা হয়েছে, রং কাল, নাকের ডানদিকের পাতা ফোঁড়া। বালকটীর মা বাবা ও অভিভাবকের খোঁজ পেলে তাহাদিগকে ছেলেটী দেওয়া হবে।

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

## বিজ্ঞাপন

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ট্রেন্‌চিং গ্রাউণ্ডের জন্য জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জে ৩ হইতে ৪ বিঘা জমির প্রয়োজন। সহরের মধ্যে অথবা সহরের বাহিরে লোকালয় হইতে দূরে হইলে চলিবে। জমি বিক্রয়েচ্ছুগণকে জমির বিবরণ ও দর উল্লেখ করিয়া আগামী ২০।১১।৫৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষর-কারীর আপিসে টেণ্ডার দাখিলের জন্য অনুরোধ করা যাইতেছে।

স্বাঃ শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়, চেয়ারম্যান
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত